

স্মারক নং: হাবিপ্রবি/ছাপনিবি/৬৬৬

তারিখ: ২৫/১১/২০২১

মানসিক স্বাস্থ্য সেবা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

চলমান করোনা ভাইরাস মহামারীতে সারা বিশ্বের ন্যায় আমাদের বাংলাদেশের শিক্ষার্থীদেরও শিক্ষা, জীবনযাত্রা এবং মানসিক স্বাস্থ্যে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমরা জানি এ মহামারী ক্ষণস্থায়ী, একসময় মানবজাতি এই মহামারী থেকে মুক্তি পাবে। এ অবস্থায় আমাদেরকে মনোবল শক্ত করে ধৈর্য এবং সাহসিকতা নিয়ে লক্ষ্যের দিকে অগ্রসর হতে হবে। শিক্ষার্থীদেরকে সহযোগিতার লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ হতে মানসিক স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে বিশেষজ্ঞ চিকিৎসক/মনোবিজ্ঞানীদের মাধ্যমে সেবা প্রদান করার উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে আগ্রহী শিক্ষার্থীদেরকে নিম্নের লিংকে প্রবেশ করে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করতে বলা হলো। শিক্ষার্থীদের চাহিদা মোতাবেক সেমিনার অথবা একক কাউন্সিলিং এর মাধ্যমে মানসিক স্বাস্থ্য সেবা প্রদান করা হবে। আগ্রহীদেরকে আগামী ০৫-১২-২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন করার জন্য বলা হলো।

রেজিস্ট্রেশন লিংক: <https://forms.gle/MpEJHTvtBpcznoAz6>

ধন্যবাদান্তে



(প্রফেসর ড. ইমরান পারভেজ)

পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ